

বিনামূল্যে বই দিয়ে কী লাভ

মো. শাহীন সরদার

প্রতিবছর সরকার কোটি কোটি টাকা খরচ করে বিনামূল্যে বই সরবরাহ করছে। এতে কি শিক্ষার্থীদের আর্থিক কষ্ট লাঘব হচ্ছে? বাস্তব চিত্র তা নয়। আগে যত টাকা খরচ হতো এখন তার চেয়ে দেড়গুণ টাকা বেশি লাগছে। ফরিদপুর জেলার কানাইপুর ইউনিয়নের রণকাইল গ্রামের রণকাইল উচ্চ বিদ্যালয়ে দেখা যায় সন্তম শ্রেণির জন্য বোর্ড বইয়ের সঙ্গে বাংলা ব্যাকরণ ও শির্ষিতি, ইংরেজি গ্রামার, ইংরেজি মডেল টেস্ট পেপার, গাইড এসব কেনা বাধ্যতামূলক। এমন চিত্র প্রতিটি শ্রেণিতে ও দেশের প্রতিটি বিদ্যালয়ের। কারণ গাইড কোম্পানিগুলো প্রতিটি স্কুলের সমিতি এবং লাইব্রেরিগুলোতে মোটা অঙ্কের টাকা দিয়ে যায় যাতে যে কোনো একটি শ্রেণিতে যেন তাদের বইটি দেওয়া হয়। ফলে প্রতিটি শ্রেণিতে একেক কোম্পানির গাইড দেওয়া হয়। এরপর প্রতিবছর গাইডে ও শ্রেণিতে গাইড বই পরিবর্তন করা হয়। ফলে প্রতিবছর নতুন করে এগুলো কিনতেই হয়। এজন্য সমিতি থেকেও প্রশ্ন তৈরির সময় হুবহু কয়েকটা প্রশ্ন তুলে দেওয়া হয় ঐ গাইড থেকে। ফলে বাধ্য হয়ে কিনতে হচ্ছে এসব বই। কতকক্ষেত্রে বোর্ডের বই খোলা হয় না ক্লাসে পড়ানো হয় কোনো এক গাইড কোম্পানির বই। এ ব্যাপারে যথাযথ ও কঠোর পদক্ষেপ প্রয়োজন।



ফরিদপুর